

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) স্নাতক প্রথম বর্ষের (২০২১-২২ শিক্ষাবর্ষ) ভর্তির আবেদন সম্পন্ন হয়েছে। এ বছর আবেদন করেছেন মোট ৩২০৮৭ শিক্ষার্থী। গতকাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) আমিরুল হক চৌধুরী বিষয়টি নিশ্চিত করেন।

এ বছর কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে এ ইউনিটে (বিজ্ঞান) ১৮ হাজার ৬৩২টি, বি ইউনিটে (মানবিক) ৭ হাজার ৯০৭টি, সি ইউনিটে (বাণিজ্য) ৫ হাজার ৫৪৮টি আবেদন পড়েছে।

advertisement 3

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ শিক্ষাবর্ষে মোট ১০৪০টি আসন রয়েছে, যার মধ্যে এ ইউনিটে আসন সংখ্যা ৩৫০; বি ইউনিটে আসন সংখ্যা ৮৫০ এবং সি ইউনিটে আসন সংখ্যা ২৪০টি।